

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি অক্টোবর-২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ রেজওয়ান-উল-ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
সোনারগাঁ, নারায়ণগঞ্জ
তারিখঃ ১৮ অক্টোবর, ২০২৩; সময়ঃ সকাল- ১১ টা

সভার উপস্থিতি- পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপস্থিত সম্মানীত সদস্যগণের নিকট হতে মুক্ত আলোচনার আহবান জানান। সে প্রেক্ষিতে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সেপ্টেম্বর, ২০২৩ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সকলে মত প্রকাশ করেন।	উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সেপ্টেম্বর, ২০২৩ মাসের সভার কার্যবিবরণী দৃঢ়করণ করতে হবে।	সকল সদস্য

সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতিঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.০১ সভায় উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সোনারগাঁ উপজেলায় ৩৪টি পূজা মন্ডপে দুর্গা পূজা অনুষ্ঠিত হবে। প্রতিটি পূজা মন্ডপে যেন আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকে সে বিষয়ে সকলকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। তিনি আরও বলেন যে, প্রতিটি ইউনিয়নে ইউনিয়ন আইন শৃঙ্খলা কমিটির সভা সহ সকল মাসিক সভা নিয়মিত আহবান করতে হবে এবং এর কার্যবিবরণী সমূহ এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। নিয়মিত গ্রাম আদালতের অভিযোগ নিষ্পত্তি করতে হবে। ইউনিয়ন আইন শৃঙ্খলা কমিটির সভা সহ সকল মাসিক সভা নিয়মিত আহবান করা এবং নিয়মিত গ্রাম আদালতের অভিযোগ নিষ্পত্তির বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাহেবদেরকে কার্যকরী ভূমিকা পালন করতে হবে।	সোনারগাঁ উপজেলার ৩৪টি পূজা মন্ডপে আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখতে হবে, ইউনিয়ন আইন শৃঙ্খলা কমিটির সভা সহ সকল মাসিক সভা নিয়মিত আহবান করতে হবে এবং নিয়মিত গ্রাম আদালতের অভিযোগ নিষ্পত্তি করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ ২। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ ৩। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা ৪। চেয়ারম্যান সকল ইউপি, সোনারগাঁ
২.০২ সভায় উপজেলা মহিলা বিষয়ক অফিসার, সোনারগাঁ জনাব নাসরিন সুলতানা জানান যে, সোনারগাঁ উপজেলায় নিয়মিত বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রয়েছে। বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতনের কোন তথ্য পাওয়া গেলে সাথে সাথে বন্ধ করে দেয়া হবে।	বাল্য বিবাহ বন্ধে ইউপি সদস্য ও চেয়ারম্যান সহ সংশ্লিষ্ট সকলকে কার্যকরী ভূমিকা পালন করতে হবে এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। উপজেলা ‘মহিলা বিষয়ক অফিসার ২। চেয়ারম্যান (সকল) ইউপি ৩। ইউপি সদস্য (সকল) ইউপি
২.০৩ চেয়ারম্যান, মোগরাপাড়া ইউনিয়ন পরিষদ জনাব আরিফ মাসুদ বাবু বলেন তাঁর ইউনিয়নে ৮টি পূজা মন্ডপে শারদীয়া দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। প্রতিটি পূজা মন্ডপে যেন আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকে সে বিষয়ে উপজেলা প্রশাসন ও পুলিশ বাহিনীকে লক্ষ্য রাখতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	বিস্তারিত আলোচনাতে শারদীয়া দুর্গাপূজা উপলক্ষে সোনারগাঁ উপজেলার প্রতিটি পূজা মন্ডপে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ ২। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ ৩। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা
২.০৪ চেয়ারম্যান, সাদিপুর ইউপি জনাব আলহাজ্ব আব্দুর রশিদ মোল্লা বলেন যে, নয়াপুর বাজার হতে মদনপুর পর্যন্ত সড়কে প্রতিদিনই দীর্ঘ সময় ধরে যানজট লেগে থাকে। অটোরিক্সা ও সিএনজির ড্রাইভাররা এলোপাথারী ভাবে গাড়ী চালিয়ে থাকে যার ফলে এই যানজট সৃষ্টি হয়ে থাকে। যানজট নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	সাদিপুর ইউনিয়নের নয়াপুর বাজার হতে মদনপুর পর্যন্ত সড়কে যানজট নিরসনের বিষয়ে ভলেন্টিয়ার নিয়োগসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা ২। অফিসার ইনচার্জ, হাইওয়ে থানা ৩। চেয়ারম্যান, সাদিপুর ইউপি

